**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৯৩/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ১২ নভেম্বর ২০১৭, ২৮ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাতীয় সংসদের ১৮তম অধিবেশন বসছে আজ

২। রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারকে চাপ দিন
নয়া দিল্লীতে কূটনীতিকদের প্রতি বাংলাদেশের হাইকমিশনার

৩। আগামী দশ মাসে রোহিঙ্গাদের জন্য প্রয়োজন ৭ হাজার ১২৬ কোটি টাকা : সিপিডি

৪। রংপুরে হিন্দু বসতবাড়িতে হামলাকারীদের শাস্তি হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। সর্বনিম্ন ১০ লাখ টন খাদ্যশস্য মজুত রাখতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশ

৬। দাবি আদায়ে আপনারা কালো ব্যাচ ধারণ করতে পারেন
কিন্তু চিকিৎসাসেবা বন্ধ করবেন না : স্বাস্থ্যমন্ত্রী

৭। রংপুর সিটি করপোরেশন নির্বাচনে মেয়র পদে আবারো মনোনয়ন পেলেন ঝন্টু

৮। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা'র পদত্যাগ

৯। জানুয়ারি থেকে 'তথ্য আপা' দেশের প্রতিটি ঘরে যাবে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

১০। জুতা উৎপাদন প্রবৃদ্ধিতে চতুর্থ বাংলাদেশ

চলমান পাতা-

**১। জাতীয় সংসদের ১৮তম অধিবেশন বসছে আজ**

দশম জাতীয় সংসদের ১৮তম এবং চলতি বছরের শেষ অধিবেশন বসছে আজ (১২ নভেম্বর রোববার) বিকেল ৪টায়। গত ২৪ অক্টোবর রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এ অধিবেশন আহ্বান করেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**২। রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারকে চাপ দিন**
**নয়া দিল্লীতে কূটনীতিকদের প্রতি বাংলাদেশের হাইকমিশনার**

রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর চাপ দিতে দিল্লীর কূটনীতিকদের প্রতি আহ্বান জানিয়েছে বাংলাদেশ। রোহিঙ্গাদের ফেরাতে তাদের সহযোগিতা ও সমর্থন চাওয়া হয়েছে। বাংলাদেশে নিযুক্ত ৭৬ দেশের অনাবাসী রাষ্ট্রদূতদের দিল্লীতে ব্রিফিং করে এ সমর্থন চাওয়া হয়। রাষ্ট্রদূতরা রোহিঙ্গা সংকট সমাধানে বাংলাদেশের প্রতি পূর্ণ সমর্থন দিয়েছেন। গতকাল (১১ নভেম্বর শনিবার) দিল্লীতে বাংলাদেশ হাইকমিশন থেকে এ তথ্য জানানো হয়। গত ৮-১০ নভেম্বর দিল্লীতে অনাবাসী ৭৬ দেশের রাষ্ট্রদূতদের ব্রিফিং করেছেন ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সৈয়দ মোয়াজ্জেম আলী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**৩। আগামী দশ মাসে রোহিঙ্গাদের জন্য প্রয়োজন ৭ হাজার ১২৬ কোটি টাকা : সিপিডি**

চলতি বছরের সেপ্টেম্বর থেকে আগামী বছরের জুন পর্যন্ত রোহিঙ্গাদের জন্য ৭ হাজার ১২৬ কোটি টাকার প্রয়োজন। এটা আমাদের চলতি বাজেটের প্রায় এক দশমিক ৮ শতাংশ, দেশের মোট রাজস্ব আয়ের ২ দশমিক ৫ শতাংশ এবং আমাদের সামাজিক নিরাপত্তা কর্মসূচির ১৩ শতাংশেরও বেশি। রোহিঙ্গা সংকট দীর্ঘমেয়াদি হলে তা বাংলাদেশের অর্থনীতিতে বিশাল চাপ সৃষ্টি করবে বলে জানিয়েছে সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)। গতকাল (১১ নভেম্বর শনিবার) বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সিপিডি আয়োজিত 'রোহিঙ্গা ক্রাইসিস : অপশন ফর বাংলাদেশ' শিরোনামের এক সংলাপে এ তথ্য জানানো হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**৪। রংপুরে হিন্দু বসতবাড়িতে হামলাকারীদের শাস্তি হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, রংপুরে ফেসবুকে মিথ্যা প্রচারণার মাধ্যমে হিন্দু বসতবাড়িতে অগ্নিসংযোগ ও হামলাকারীদের অতি দ্রুত খুঁজে বের করে আইনের আওতায় আনা হবে। এ হামলায় জড়িতদের অবশ্যই কঠোর শাস্তি দেওয়া হবে। গতকাল (১১ নভেম্বর শনিবার) দুপুরে রাজধানীর ইস্কাটনে 'জামিয়া ইসলামিয়া দারুল উলুম দিলু রোড মাদ্রাসা'র ১০ তলা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। এদিকে হিন্দুদের বাড়িঘরে হামলা ও আগুন দেওয়ার সেই ঘটনায় দুটি মামলা করা হয়েছে। হামলা ও অগ্নিসংযোগের ঘটনার সঙ্গে জড়িত থাকার সন্দেহে ৫৩ জনকে গ্রেপ্তার করেছে কোতোয়ালি থানা পুলিশ। এর আগে গত ১০ নভেম্বর শুক্রবার রাতে ঠাকুরপাড়ায় হামলা ও অগ্নিসংযোগের ঘটনায় জেলা প্রশাসনের পক্ষ থেকে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে আগামী সাতদিনের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২)।

**৫। সর্বনিম্ন ১০ লাখ টন খাদ্যশস্য মজুত রাখতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশ**

প্রাকৃতিক দুর্যোগে ফসল উৎপাদন কম এবং সময়মতো আমদানি না হওয়ায় যেকোনো বছরের তুলনায় এ বছর খাদ্য মজুত সর্বনিম্ন। তাই প্রাকৃতিক দুর্যোগ বা জরুরি পরিস্থিতিতে সর্বনিম্ন ১০ লাখ মেট্রিক টন খাদ্য মজুত রাখতে মন্ত্রণালয় ও খাদ্য অধিদপ্তরকে নির্দেশ দিয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়। একই সঙ্গে চলতি মৌসুমে সাত লাখ মেট্রিক টন ধান ও আট লাখ মেট্রিক টন চাল সংগ্রহের সিদ্ধান্ত থাকা সত্ত্বেও কেন তা বাস্তবায়ন হয়নি তা খতিয়ে

দেখার নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়া ভবিষ্যতে নীতিমালা অনুযায়ী খাদ্য সংগ্রহ ও মজুতের ব্যবস্থা নিতে বলা হয়েছে। সম্প্রতি প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব সুরাইয়া বেগম
এনডিসির সভাপতিত্বে অনুষ্ঠিত খাদ্যশস্য মজুত, আমদানি ও সরবরাহসংক্রান্ত এক সভায় এসব সিদ্ধান্ত হয়। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১,ক.১)।

**৬। দাবি আদায়ে আপনারা কালো ব্যাচ ধারণ করতে পারেন কিন্তু চিকিৎসাসেবা বন্ধ করবেন না : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম চিকিৎসকদের উদ্দেশ্যে বলেছেন, দাবি আদায়ে আপনারা কালোব্যাচ ধারণ করতে পারেন, কিন্তু চিকিৎসা বন্ধ করবেন না। গতকাল (১১ নভেম্বর শনিবার) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ৭২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে শহীদ ডা. মিলন হলে আয়োজিত এক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, একজন ভালো চিকিৎসকের কাজ সর্বদাই রোগীকে চিকিৎসাসেবা প্রদান করা। সভায় ঢাকা মেডিকেল কলেজের সাফল্যের কথা উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, ঢাকা মেডিকেল কলেজ দেশের সেরা মেডিকেল কলেজ। এখানে সফলভাবে বোনম্যারো ট্রান্সপ্লান্ট করা হচ্ছে। এটি তোফা-তহুরা, মুক্তামনি, বাজনদারের মতো রোগীকে বাঁচিয়েছে। ইন্দোনেশিয়া, সিঙ্গাপুর যা পারেনি, ঢাকা মেডিকেল তা পেরেছে। সে কারণে ঢাকা মেডিকেলকে শুধু বাংলাদেশ নয়, উপমহাদেশের অন্যতম শ্রেষ্ঠ প্রতিষ্ঠানে পরিণত করতে ১০ হাজার কোটি টাকা খরচ করা হবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**৭। রংপুর সিটি করপোরেশন নির্বাচনে মেয়র পদে আবারো মনোনয়ন পেলেন ঝন্টু**

রংপুর সিটি করপোরেশন নির্বাচনে মেয়র পদে আবারো আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন বর্তমান মেয়র সরফুদ্দীন আহমেদ ঝন্টু। গতকাল (১১ নভেম্বর শনিবার) গণভবনে আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত দলের স্থানীয় সরকার মনোনয়ন বোর্ডের সভায় সর্বসম্মতিক্রমে তাঁকে মনোনয়ন দেওয়া হয়। সভায় প্রধানমন্ত্রী নেতাকর্মীদের উদ্দেশ্যে বলেন, সকল ভেদাভেদ ভুলে দেশ ও দলের স্বার্থে কাজ করতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান, ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮)।

**৮। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা'র পদত্যাগ**

পদত্যাগ করেছেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা। বিচারপতি সিনহা সিঙ্গাপুর হয়ে কানাডায় ছোট মেয়ের কাছে গত ১০ নভেম্বর শুক্রবার রওনা হওয়ার আগে সিঙ্গাপুরে বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে পদত্যাগপত্র পাঠান। গতকাল (১১ নভেম্বর শনিবার) প্রধান বিচারপতির পদত্যাগপত্র বঙ্গভবনে পৌঁছেছে। সূত্র-**সংবাদ, প্রথম আলো, ভোরের কাগজ, যুগান্তর, জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৯। জানুয়ারি থেকে 'তথ্য আপা' দেশের প্রতিটি ঘরে যাবে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী**

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, দেশের নারীদের জন্য 'তথ্য আপা' নামে একটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। আগামী জানুয়ারিতে এ প্রকল্পের কার্যক্রম শুরু হবে। এ প্রকল্পের আওতায় কর্মীরা দেশের জেলা, উপজেলা ও গ্রামপর্যায়ের প্রতিটি ঘরে ঘরে গিয়ে নারীদের কৃষি, স্বাস্থ্য, শিক্ষাসহ বিভিন্ন তথ্যের বিষয়ে প্রশিক্ষণ দেবেন, যাতে তারা দেশ ও নিজেদের ভাগ্যোন্নয়নে অগ্রণী ভূমিকা রাখতে পারেন। গতকাল (১১ নভেম্বর শনিবার) বাংলাদেশ কীটতত্ত্ব সমিতির দশম দ্বি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৫,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**১০। জুতা উৎপাদন প্রবৃদ্ধিতে চতুর্থ বাংলাদেশ**

বছরে ৩৫ কোটি জোড়া জুতা উৎপাদনের মাধ্যমে বৈশ্বিক ফুটওয়্যার শিল্পের শীর্ষ ১০ উৎপাদনকারীর তালিকায় আগেই অবস্থান করে নিয়েছিল বাংলাদেশ। তবে উৎপাদন প্রবৃদ্ধি জোরদারের মাধ্যমে এখন আরো এগিয়ে গেছে দেশের পাদুকা শিল্প। পর্তুগালভিত্তিক জুতা প্রস্তুতকারকদের সংগঠন পর্তুগিজ ফুটওয়্যার, কম্পোনেন্টস, লেদারগুডস ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের (এপিআইসিসিএপিএস) গত তিন বছরের ফুটওয়্যার ইয়ারবুকে উল্লিখিত উৎপাদন প্রবৃদ্ধির গড় বিবেচনায় শীর্ষ ১০ উৎপাদনকারী দেশের মধ্যে চতুর্থ অবস্থানে রয়েছে বাংলাদেশ। সূত্র-**বণিক বার্তা** (শেষ পৃ.,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, নিউজ টুডে, নিউ নেশন :** আন্তর্জাতিক এক গবেষণা প্রতিবেদনে প্রাথমিক স্বাস্থ্যসেবায় রোগীদের সবচাইতে কম সময় দেন বাংলাদেশের চিকিৎসকরা এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে চিকিৎসা ক্ষেত্রে এ ধরনের অবহেলার দিকে নজর দেওয়ার সুপারিশ।

খ. **জনকণ্ঠ :** সাভারে চামড়া প্রক্রিয়াজাতকারী ট্যানারির বর্জ্যে ধলেশ্বরী নদী দূষণের শিকার হচ্ছে উল্লেখ করে অবিলম্বে সেখানে কেন্দ্রীয় বর্জ্য শোধন প্ল্যান্ট বা সিইটিপি চালুর ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো :** বরগুনার পাথরঘাটা উপজেলায় বাল্যবিবাহের কারণে ৪৫ জন ছাত্রীর চলমান জেএসসি ও জেডিসি পরীক্ষায় অনুপস্থিত থাকায় বিষয়টি হতাশাজনক উল্লেখ করে সারাদেশে বাল্যবিবাহ রোধের পাশাপাশি এর সঙ্গে জড়িত ব্যক্তিদের শাস্তির আওতায় আনার দাবি।

ঘ. **ইনকিলাব :** ঢাকাকে পরিচ্ছন্ন ও দূষণমুক্ত রাখতে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্ধারিত মাত্রার চেয়ে বেশি মাত্রায় শব্দ ও বায়ু দূষণের কারণে রাজধানীসহ অন্যান্য শহরে জীবন ঝুঁকিপূর্ণ হয়ে পড়ায় জনস্বার্থে দূষণ প্রতিরোধের সুপারিশ।

চ. **ডেইলি সান :** শাকসবজির মূল্য সাধারণের ক্রয়সীমার বাইরে চলে যাওয়ায় জনদুর্ভোগ লাঘবে কর্তৃপক্ষকে বাজার মনিটরিং বাড়ানোর আহ্বান।

ছ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** দরিদ্র, বিধবা, অসহায়, নারী, বয়স্ক জনগোষ্ঠী ও মুক্তিযোদ্ধাদের জন্য নিরাপত্তাখাতের বরাদ্দ ডিজিটাল পদ্ধতিতে বন্টনের পাইলট প্রকল্পের অধীনে শুধু প্রকৃত ব্যক্তিকেই বরাদ্দকৃত অর্থ প্রদানের প্রত্যাশা।

জ. **ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, নিউ এজ, ইত্তেফাক, প্রথম আলো, সংবাদ, সমকাল, যুগান্তর, যায়যায়দিন :** মিথ্যা প্রচারণার জের ধরে রংপুরে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর হামলার ঘটনায় জড়িত হামলাকারীদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**আমাদের সময়** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সাম্প্রদায়িকতাকে বহাল রেখে গণতন্ত্র প্রতিষ্ঠা করা সম্ভব নয়।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'ঢাকার বাতাসে কি শুধুই ধুলা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, রাজধানী ঢাকাসহ পুরো বাংলাদেশের পরিবেশ সংরক্ষণে বেসরকারি সংস্থাসমূহকে সম্পৃক্ত করে দেশে আপমর জনগণকে পরিবেশ সম্পর্কে সচেতন করে তোলা জরুরি।

#

ডালিয়া/খাদীজা/ফাহিমা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০